

২০২২

বাংলা — সাধারণ

পঞ্চম সেমেষ্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা-১)

পূর্ণমান - ৮০

প্রাপ্তালিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উভয় যথাসন্তোষ নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) নীচের গল্পসূত্রটি অবলম্বনে অনধিক ৩০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো।

১০

এক বৃন্দ চোখে দেখতেন না। তাঁর বক্ষ এক চিকিৎসকের খবর দিলেন তাঁকে। তাঁর ফি একটু বেশি, তবে এরকম রোগীর চিকিৎসায় খুব সুনাম। বৃন্দ রাজি হলেন। চিকিৎসকের সঙ্গে বৃন্দ চুক্তি হল রোগ সারাতে পারলে বৃন্দ চিকিৎসককে মোটা টাকা পুরস্কার দেবেন। অন্ধহের সুযোগে চিকিৎসক বৃন্দের সমস্ত দামি জিনিসপত্র সরিয়ে ফেললেন। বৃন্দ দৃষ্টি ফিরে পেয়েও চিকিৎসককে চুক্তিমতো টাকা দিতে রাজি হলেন না। চিকিৎসক মামলা করলেন। বৃন্দের যুক্তি, আগেও তিনি কিছু দেখতে পেতেন না, এখনও কিছু দেখতে পাচ্ছেন না। চোখের অসুখ কীভাবে সেরেছে বলা যায়? — বিচারক সবই বুঝতে পারলেন। তারপর —

অথবা,

(খ) নিম্নলিখিত কাহিনি অবলম্বনে একটি চিত্রনাট্য রচনা করো।

১০

ছোটো নদীটি বহিয়া যাইতেছিল এবং প্রথম গ্রীষ্মের শীতল প্রভাতবায়ুতে কেলু গাছে রক্তবর্ণ পুষ্পমঞ্জরী হইতে ফুল বারিয়া পড়িতেছিল।

গাছের তলায় বসিয়া জুলিখা আমিনাকে কহিল, “ঈশ্বর যে আমাদের দুই ভূমীকে মৃত্যুর হাত হইতে রক্ষা করিয়াছেন সে কেবল পিতার হত্যার প্রতিশোধ লইবার জন্য। নহিলে আর তো কোনো কারণ খুঁজিয়া পাই না।”

আমিনা নদীর পরপারে সর্বাপেক্ষা দূরবর্তী, সর্বাপেক্ষা ছায়াময়, বনশ্রেণির দিকে দৃষ্টি মেলিয়া ধীরে ধীরে কহিল, “দিদি, আর ও-সব কথা বলিস নে ভাই। আমার এই পৃথিবীটা এক রকম বেশ লাগিতেছে। মরিতে চায় তো পুরুষগুলো কাটাকাটি করিয়া মরুক গে, আমার এখানে কোনো দুঃখ নাই।”

জুলিখা বলিল, “ছি ছি আমিনা, তুই কি শাহজাদার ঘরের মেয়ে। কোথায় দিল্লীর সিংহাসন আর কোথায় আরাকানের ধীরের কুটীর।”

আমিনা হাসিয়া কহিল, “দিদি, দিল্লীর সিংহাসনের চেয়ে আমার বৃত্তার এই কুটীর এবং কেলু গাছের ছায়া যদি কোনো বালিকার বেশি ভালো লাগে তাহাতে দিল্লীর সিংহাসন এক বিন্দু অশ্রপাত করিবে না।”

জুলিখা কতকটা আনন্দে আমিনাকে কহিল, “তা, তোকে দোষ দেওয়া যায় না, তুই তখন নিতান্ত ছোটো ছিলি — কিন্তু

Please Turn Over

একবার ভাবিয়া দেখ, পিতা তোকে সবচেয়ে বেশি ভালোবাসিতেন বলিয়া তোকেই স্বহস্তে জলে ফেলিয়া দিয়াছিলেন। সেই পিতৃদণ্ড মৃত্যুর চেয়ে এই জীবনকে বেশি প্রিয় জ্ঞান করিস না। তবে যদি প্রতিশোধ তুলিতে পারিস তবেই জীবনের অর্থ থাকে।”

আমিনা চুপ করিয়া দূরে চাহিয়া রহিল। কিন্তু বেশ বুকা গেল, সকল কথা সন্তোষ বাহিরের এই বাতাস এবং গাছের ছায়া এবং আপনার নববৌবন এবং কী-একটা সুখসূতি তাহাকে নিমগ্ন করিয়া রাখিয়াছিল।

কিছুক্ষণ পরে একটা দীঘনিশ্বাস ফেলিয়া কহিল, “দিদি, তুমি একটু অপেক্ষা করো ভাই। আমার ঘরের কাজ বাকি আছে। আমি না রাঁধিয়া দিলে বুঢ়া খাইতে পাইবে না।”

২। (ক) আবৃত্তির জন্য আবৃত্তিকারকে কোন কোন বিষয়ে সতর্ক হতে হয় তা সংক্ষেপে লেখো।

১০

অথবা,

(খ) কলাবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহযোগে আলোচনা করো।

১০

৩। (ক) সাহিত্য ও চলচিত্রের সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১০

অথবা,

(খ) শিবরাম চক্রবর্তীর লেখা ‘বাড়ি থেকে পালিয়ে’ উপন্যাসের প্রথম পরিচেছের ঘটনাক্রমকে ঋত্বিক ঘটক তাঁর সিনেমায় কীভাবে উপস্থাপন করেছেন তা লেখো।

১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৫×৬

(ক) ছোটোগল্লের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

(খ) ‘পথের পাঁচালী’ সিনেমায় ইন্দির ঠাকরণ ও দুর্গার মৃত্যু বোঝাতে কী কী প্রতীক সত্ত্বজিঙ্গ রায় ব্যবহার করেছেন?

(গ) নাট্যরূপে মঞ্চ নির্দেশের গুরুত্ব সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) ‘মুকুটিত পায়াণ’-এর চলচিত্রের মূল গ্রন্থের সঙ্গে চলচিত্রের যে-কোনো একটি পার্থক্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) ছন্দস্থিতি ও অর্থস্থিতি বলতে কী বোঝো?

(চ) নাট্যরূপ এবং চিত্রনাট্য রচনার মধ্যে প্রধান পার্থক্যগুলি নির্দেশ করো।

(ছ) ঢাকা লেখো— আবৃত্তিতে আবহসংগীত ও আলোর ব্যবহার।

(জ) ঢাকা লেখো— রূপদল ও মুকুটদল।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

(ক) কোন রীতির ছন্দের লয় ধীর?

(খ) দুটি যৌগিক স্বরের উদাহরণ দাও।

(গ) বাংলা অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

(ঘ) ‘পথের পাঁচালী’ চলচিত্রের সংগীত পরিচালক কে ছিলেন?

- (ঙ) যবনিকা কী ?
- (চ) 'কবিতার ক্লাস' গ্রন্থটির রচয়িতা কে ?
- (ছ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচিত্রটি কোন পুরস্কার পেয়েছিল ?
- (জ) 'কুর্ধিত পাষাণ' চলচিত্রের সংগীত পরিচালক কে ছিলেন ?
- (ঘ) 'বিষয় চলচিত্র' বইটির লেখক কে ?
- (ঞ) 'ক্যালকাটা ফিল্ম সোসাইটি'-র প্রতিষ্ঠা কবে হয় ?
- (ট) অঘোষ ধ্বনির দুটি উদাহরণ দাও।
- (ঠ) বাংলাদেশের প্রথম পূর্ণাঙ্গ নির্বাক ছবি কোনটি ?
- (ড) শরৎচন্দ্রের একটি উপন্যাসের নাম লেখো যেটি পরবর্তীকালে নাট্যরূপ দেওয়া হয়েছে ?
- (ঢ) চলচিত্রে অবদানের জন্য সত্যজিৎ রায়ের পাওয়া দুটি পুরস্কারের নাম লেখো।
- (ণ) একটি গল্পের সঙ্গে তার নাট্যরূপের মূল পার্থক্যটি লেখো।
- (ত) একটি গল্পের শিরোনাম দেওয়ার ক্ষেত্রে কোন দিকটির গুরুত্ব দেওয়া হয় ?
- (থ) 'মুক্তক' ছন্দের প্রবর্তক কে ?
- (দ) 'অঙ্গন মঞ্চ' কাকে বলে ?
- (ধ) 'স্পট লাইট' কী ?
- (ন) চিত্রনাট্যে লং শট-এর নির্দেশ সাধারণত কখন দেওয়া হয় ?
-